# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 07 May, 2025

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলায় ১৫ বোতল নিষিদ্ধ মাদকদ্রব্য ফেন্সিডিলসহ ২ মাদক কারবারীকে আটক করেছে থানা পুলিশ। ৭ মে বুধবার সকাল ১০ টার দিকে উপজেলার বারোবাজার ইউনিয়নে বাদেডিহি গ্রাম থেকে তাদের আটক করা হয়।আটককৃতরা হলো উক্ত ইউনিয়নের বাদেডিহি গ্রামের আমজাদ হোসেনের ছেলে সোহাগ হোসেন (৩৬) এবং যশোর জেলার চৌগাছা ইউনিয়নের বাগপাড়া গ্রামের আমজেদ হোসেন এর ছেলে আবু জেহেল বাবু (৫৪)।এসআই জাকারিয়া মাসুদ এর নেতৃত্বে একটি বিশেষ টিম অভিযানটি পরিচালনা করেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে আসামীদের নামে মামলার প্রস্তুতি চলছে ।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) শহিদুল ইসলাম হাওলাদার জানান, মাদকের বিরুদ্ধে চলমান অভিযানের অংশ হিসাবে আমরা আজ ২ জন মাদক কারবারীকে নিষিদ্ধ মাদকদ্রব্য ফেন্সিডিলসহ আটক করতে সক্ষম হয়েছি।মাদকমুক্ত কালীগঞ্জ গড়তে আমাদের অভিযান চলমান থাকবে বলেও তিনি যোগ করেন।

ফেনসিডিল আটক পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 17:59

URL: https://timestodaybd.com/khulna/8742212087